# Radiflex™ Plus

| | | |
|---|---|---|
| Undenatured Collagen II | USP | 40 mg |
| Glucosamine Sulfate | USP | 500 mg |
| Chondroitin Sulfate | USP | 250 mg |
| Methylsulfonylmethane | USP | 100 mg |

**Composition:**
Radiflex™ Plus Tablet: Each tablet contains Undenatured Collagen II USP 40 mg, Glucosamine Sulfate 500 mg as Glucosamine Sulfate Potassium Chloride USP, Chondroitin Sulfate 250 mg as Chondroitin Sulfate Sodium USP and Methylsulfonylmethane USP 100 mg.

**Description:**
Undenatured Collagen II is derived from chicken sternum cartilage that prevents the breakdown of bone joint cartilage by releasing collagen-specific T-regulatory cells. It also slows the production of inflammatory cytokines. The therapeutic potential of Undenatured Collagen II in joint disease depends on a specific dose of 40mg. Glucosamine is the essential building block of joint cartilage that additionally reduces the synthesis of inflammatory and degenerative mediators responsible for the breakdown of the cartilage. Chondroitin is a structural component of cartilage that maintains water and nutrients to promote elasticity and resistance in cartilage. It protects cartilage from premature decline by preventing the matrix metalloproteinase enzyme. Methylsulfonylmethane is necessary to maintain and repair healthy joints, tendons, ligaments, and connective tissues. It reduces the expression of cyclooxygenase-2 and nitric oxide by suppressing the nuclear factor-kappa β, thus producing an analgesic and anti-inflammatory effect in reducing osteoarthritis pain and swelling. The combination of these four active ingredients gives a synergistic effect in osteoarthritis and improves joint function.

**Indications and Uses:**
Radiflex™ Plus Tablet is indicated for the treatment and prevention of –

- Osteoarthritis
- Joint pain and inflammation
- Joint immobility and stiffness
- Rheumatoid arthritis
- Strenuous exercise and sports injury

**Dosage and Administration:**
Orally 1 tablet daily after a meal or as directed by the physician.

**Contraindication:**
Contraindicated in patients with known hypersensitivity to Undenatured Collagen II, Glucosamine Sulfate, Chondroitin Sulfate, and Methylsulfonylmethane. Contraindicated for patients under 18 years of age, phenylketonuria, and severe renal insufficiency.

**Pregnancy and Lactation:**
Not recommended during pregnancy and lactation.

**Side Effects:**
Generally well-tolerated in the recommended dose. Occasionally mild epigastric pain, constipation, diarrhea, bloating, and nausea may occur. Rarely headache and visual disturbance may occur.

**Drug Interactions:**
Caution should be practised when administering this combination concomitantly with anticoagulants. Glucosamine Sulfate can alter the gastrointestinal absorption of Tetracycline, Penicillin and Chloramphenicol.

This combination can be used concomitantly with analgesics or anti-inflammatory drugs.

**Storage:**
Do not store above 30ºC, protect from light and moisture.

Keep out of reach of children.

**Packs:**
Radiflex™ Plus Tablet: Each box contains 30 tablets in the Alu-Alu blister pack.

TM = Trade Mark

RADIANT
NUTRACEUTICALS

Manufactured by
**Radiant Nutraceuticals Ltd.**
(Herbal Division)
B-34, BSCIC Industrial Estate
Tongi, Gazipur-1710, Bangladesh

# রেডিফ্লেক্স™ প্লাস

আনডিনেচার্ড কোলাজেন II ইউএসপি ৪০ মিগ্রা
গ্লুকোসামিন সালফেট ইউএসপি ৫০০ মিগ্রা
কনড্রয়টিন সালফেট ইউএসপি ২৫০ মিগ্রা
মিথাইলসালফনিলমিথেন ইউএসপি ১০০ মিগ্রা

**উপস্থাপনঃ**

**রেডিফ্লেক্স™ প্লাস ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে রয়েছে আনডিনেচার্ড কোলাজেন II ইউএসপি ৪০ মিগ্রা, গ্লুকোসামিন সালফেট ৫০০ মিগ্রা যা গ্লুকোসামিন সালফেট পটাশিয়াম ক্লোরাইড ইউএসপি এর সমতুল্য, কনড্রয়টিন সালফেট ২৫০ মিগ্রা যা কনড্রয়টিন সালফেট সোডিয়াম ইউএসপি এর সমতুল্য এবং মিথাইলসালফনিলমিথেন ইউএসপি ১০০ মিগ্রা।

**বিবরণঃ**

আনডিনেচার্ড কোলাজেন II মুরগির স্টার্নামের কার্টিলেজ থেকে উদ্ভূত, যা কোলাজেনের প্রতি সংবেদনশীল টি-রেগুলেটরী কোষের সংশ্লেষণ এর মাধ্যমে তরুণাস্থির ভঙ্গুরতা রোধ করে। এটি প্রদাহ সৃষ্টিকারী সাইটোকাইন গুলোর উৎপাদন কমিয়ে দেয়। অস্থিসন্ধির সমস্যায় আনডিনেচার্ড কোলাজেন II এর কার্যকারিতা এর সুনির্দিষ্ট মাত্রা ৪০ মিগ্রা এর উপর নির্ভরশীল। গ্লুকোসামিন অস্থিসন্ধির জন্য একটি অপরিহার্য বিল্ডিং ব্লক যা প্রদাহ সৃষ্টিকারী এবং ডিজেনারেটিভ মেডিয়েটর গুলোকে কমিয়ে তরুণাস্থির ভঙ্গুরতা রোধ করে। কনড্রয়টিন তরুণাস্থির কাঠামোগত একটি উপাদান যা এর ভেতরে পানি ও পুষ্টিকর উপাদান ধরে রাখার মাধ্যমে অস্থিসন্ধির স্থিতিস্থাপকতা এবং আঘাত সহ্য করার ক্ষমতা বাড়িয়ে দেয়। এটি ম্যাট্রিক্স মেটালোপ্রোটিনেসেস এনজাইমকে বাধা প্রদানের মাধ্যমে অপরিপক্ক তরুণাস্থিকে নষ্ট হওয়া থেকে রক্ষা করে। মিথাইলসালফনিলমিথেন অস্থিসন্ধি, পেশীবন্ধনী, সন্ধিবন্ধনী ও যোজক কলার ক্ষয়রোধ ও পুনর্গঠনের জন্য একটি কার্যকরী উপাদান। এটি নিউক্লিয়ার ফ্যাক্টর কাপ্পা বিটাকে বাধা প্রদানের মাধ্যমে সাইক্লোঅক্সিজেনেস-২ ও নাইট্রিক অক্সাইড এর পরিমাণ কমিয়ে দিয়ে অস্টিওআর্থ্রাইটিস জনিত ব্যথা ও প্রদাহজনিত সমস্যা উপশম করে। এই চারটি উপাদান একত্রে অস্টিওআর্থ্রাইটিস উপশমে সহযোগী কার্যকারিতা প্রদান করে এবং অস্থিসন্ধির সচলতা বৃদ্ধি করে।

**নির্দেশনা ও ব্যবহারঃ**

**রেডিফ্লেক্স™ প্লাস** ট্যাবলেট যে সকল রোগের চিকিৎসায় ও প্রতিরোধে নির্দেশিত-

- অস্টিওআর্থ্রাইটিস
- অস্থিসন্ধির ব্যথা এবং প্রদাহজনিত সমস্যা
- অস্থিসন্ধির অচলতা ও প্রসারণের অসুবিধা
- রিউম্যাটয়েড আর্থ্রাইটিস
- অতিরিক্ত শ্রমসাধ্য ব্যায়াম ও ক্রীড়া ঘটিত অস্থিসন্ধির সমস্যা

**মাত্রা ও সেবনবিধিঃ**

প্রতিদিন ১ টি ট্যাবলেট খাবার পর সেব্য অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

**প্রতিনির্দেশনাঃ**

যে সকল রোগীদের আনডিনেচার্ড কোলাজেন II, গ্লুকোসামিন সালফেট, মিথাইলসালফোনিলমিথেন ও কনড্রয়টিন সালফেট এর প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত। ১৮ বছর বয়সের নিচে রোগী, ফিনাইলকিটোনুরিয়াতে আক্রান্ত রোগী এবং গুরুতর কিডনি জটিলতা রয়েছে এমন রোগীদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারঃ**

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার নির্দেশিত নয়।

**পার্শ্বপ্রতিক্রিয়াঃ**

নির্দেশিত মাত্রায় শরীরের জন্য সহনশীল। কদাচিৎ পেটের উপরের দিকে মৃদু ব্যথা, কোষ্ঠকাঠিন্য, ডায়রিয়া, পেট ফাঁপা এবং বমি বমি ভাব দেখা যেতে পারে। মাথাব্যথা ও চোখে ঝাপসা দেখার সমস্যা হতে পারে যা খুবই বিরল।

**অন্য ওষুধের সাথে ক্রিয়াঃ**

এন্টিকোয়াগুলেন্ট ওষুধের সাথে এই বিশেষ প্রস্তুতিটির সহব্যবহারের ক্ষেত্রে সতর্কতা গ্রহণ করতে হবে। গ্লুকোসামিন সালফেট এর সাথে সহব্যবহারে টেট্রাসাইক্লিন, পেনিসিলিন ও ক্লোরামফেনিকল এর আন্ত্রিক শোষণের পরিবর্তন হতে পারে। ব্যথানাশক বা প্রদাহরোধী ওষুধের সাথে এই বিশেষ প্রস্তুতিটির সহব্যবহার করা যেতে পারে।

**সংরক্ষণঃ**

৩০° সেলসিয়াস তাপমাত্রার উপর সংরক্ষণ করা থেকে বিরত থাকুন, আলো এবং আর্দ্রতা থেকে দূরে রাখুন।

সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহঃ**

**রেডিফ্লেক্স™ প্লাস ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে ৩০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

TM = ট্রেডমার্ক

RADIANT
NUTRACEUTICALS

প্রস্তুতকারক
**রেডিয়েন্ট নিউট্রাসিউটিক্যাল্স লিমিটেড**
(হারবাল ডিভিশন)
বি-৩৪, বিসিক শিল্প এলাকা
টঙ্গী, গাজীপুর-১৭১০, বাংলাদেশ